# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ মহিলা ও পর্দা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ডাক্তারের সাথে নার্সের এবং ম্যানেজারের সাথে মহিলা প্রাইভেট সেক্রেটারির নির্জনতা অবলম্বন বৈধ কি?

মোটেই না। কারণ শরীয়তের নির্দেশ হল, অর্থাৎ, “কোন পুরুষ যেন কোন বেগানা নারীর সঙ্গে তার সাথে এগানা পুরুষ ছাড়া অবশ্যই নির্জনতা অবলম্বন না করে।” ৫১১ (বুখারী ও মুসলিম)

আর, “যখনই কোন পুরুষ কোন মহিলার সাথে নির্জনতা অবলম্বন করে, তখনই শয়তান তাদের তৃতীয় সাথী (কোটনা) হয়।” ৫১২(তিরমিযী, সহীহ তিরমিযী ৯৩৪ নং)
সৃষ্টিকর্তা মহান আল্লাহ বলেছেন, “নারী এর প্রতি আসক্তি মানুষের নিকট লোভনীয় করা হয়েছে।” (আলে ইমরানঃ ১৪)
আর এই কারণেই কোন মুসলিম মহিলার জন্য এমন চাকরি নেওয়া বৈধ নয়, যেখানে পর পুরুষের সাথে ওঠাবসা করতে বা নির্জনতায় থাকতে হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=388

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন